



# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা  
উন্নয়ন শাখা  
প্রশাসন অনুবিভাগ  
[www.idra.org.bd](http://www.idra.org.bd)



০২ ফাল্গুন ১৪২৮

তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২২

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.২৩.০২৬.২০২১. ২৯৫

**বিষয়: 'জাতীয় বীমা দিবস, ২০২২ উদযাপন উপলক্ষে আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২২ থেকে ১ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত ২ (দুই) দিনের জন্য বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের হল বুকিং।**

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বীমা স্মৃতি বিজড়িত ০১-মার্চ 'জাতীয় বীমা দিবস' উদযাপনের জন্য অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিগত বছরগুলোতে অনুষ্ঠানসমূহ সফলতার সাথে অনুষ্ঠিত হয়েছিল।

২। এবারের আয়োজিতব্য জাতীয় বীমা দিবস, ২০২২ এ উদ্বোধনী অনুষ্ঠানেও মাননীয় প্রধানমন্ত্রী ভারুয়ালি প্রধান অতিথি এবং মাননীয় অর্থমন্ত্রী সভাপতি হিসেবে অংশগ্রহণ করার সানুগ্রহ সম্মতি প্রদান করেছেন।

৩। এ অবস্থায়, শের-ই-বাংলা নগরস্থিত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রটির Hall of Fame-এ **জাতীয় বীমা দিবস** উপলক্ষে উদ্বোধনী অনুষ্ঠান আয়োজনের জন্য আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ভাড়া প্রদান সাপেক্ষে সদয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, ইতোপূর্বে আগামী ০১ মার্চ ২০২২ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রটির Hall of Fame-এ **জাতীয় বীমা দিবস** উপলক্ষে বিনা ভাড়ায় বুকিং গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

 ১৫/০২/২০২২

(মোঃ শাহ আলম)

পরিচালক (গবেষণা ও উন্নয়ন)

ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)

ইন্টারকন্টিনেন্টাল বাংলাদেশ, ঢাকা।

## অনুলিপি:

- ১। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। অফিসার ইনচার্জ, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (দৃষ্টি আকর্ষণ: মিজ্ সাজিদা আখতার, এসিসট্যান্ট ক্যাটারিং সেলস ম্যানেজার);
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৪। সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৫। অফিস কপি।